দৈনিক বাংলা

তারিখ 18 SEP 1996
পৃষ্ঠা ৪ কলাম ৩

13

# সকল পর্যায়ের শিক্ষকের মর্যাদা রক্ষা করা হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, বর্তমান সরকার সকল পর্যায়ের শিক্ষকদের মর্যাদা ও অধিকার সংরক্ষণে অঙ্গীকারাবদ্ধ।

তিনি মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সম্মেলন কক্ষে, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে এ কথা বলেন। শিক্ষাসচিব আবদুল্লাহ হারুন পাশা এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব সৈয়দ আমীর-উল-মুলক বৈঠকে উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

প্রতিনিধিদলের নেতৃবৃন্দ শিক্ষকদের বিভিন্ন সমস্যা শিক্ষামন্ত্রীকে অবহিত করেন। তাঁরা শিক্ষা প্রতিষ্ঠানের পরিবর্তে শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণ, দেশের শিক্ষা কারিকলাম সংশোধন, বিদ্যমান পরীক্ষা পদ্ধতি পরিবর্তন ও আধুনিকী-করণসহ বিভিন্ন বিষয়ে মন্ত্রীর সঙ্গে খোলামেলা মতবিনিময় করেন।

শিক্ষামন্ত্রী ধৈর্যসহকারে শিক্ষকদের সকল সমস্যার কথা শোনেন এবং সরকারের প্রস্তাবিত নীতিমালায় এগুলোর সমাধান থাকবে বলে নেতৃবৃন্দকে আশ্বাস দেন।

মন্ত্রী শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে শিক্ষকদের যথাযথ ভূমিকা পালনের আহ্বান জানান।

উল্লেখ্য, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ মোঃ আকতারুজ্জামান ১৩ সদস্যের এ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।